শহীদ পুলিশ স্মৃতি কলেজ

মিরপুর-১৪, ঢাকা-১২০৬

স্মারক নংঃ শঃ পুঃ স্মৃতি কলেজ/ নোটিশ-২০৫/২০২৩/

তারিখ: ১৮/০১/২০২৩খ্রিঃ

নোটিশ

বিষয়: একাদশ শ্রেণির শিক্ষার্থীদের ভর্তিকালীন প্রদেয় ফি এর তালিকা ও নির্দেশিকা

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, আগামী ২২-০১-২০২৩ খ্রিস্টাব্দ থেকে ২৬-০১-২০২৩ খ্রিস্টাব্দ সকাল ১০:৩০ ঘটিকা হতে দুপুর ১:৩০ ঘটিকা পর্যন্ত ২০২২-২০২৩ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণির ভর্তি কার্যক্রম চলবে।

ভর্তি ফি সংক্রান্ত তথ্যাদি

বিভাগীয় শিক্ষার্থী	সিভিল শিক্ষার্থী
৭৪৮০/=	৯৯৮৫/=

প্রয়োজনীয় নির্দেশনা:

১। একাদশ শ্রেণির শিক্ষার্থী ভর্তির জন্য আগামী ২২-০১-২০২৩ খ্রিস্টাব্দ থেকে ২৬-০১-২০২৩ খ্রিস্টাব্দ পর্যন্ত ভর্তি কার্যক্রম চলবে। ভর্তির জন্য কলেজের ওয়েবসাইট www.spsc.edu.bd ব্রাউজ করে Online Admission XI-2023 বাটনে ক্লিক করে প্রয়োজনীয় নির্দেশনা মেনে ভর্তি ফি পরিশোধ সাপেক্ষে ভর্তি কার্যক্রম সম্পন্ন করতে হবে।

২। এছাড়াও কলেজের Help Desk হতে আগামী ২২-০১-২০২৩ খ্রিস্টাব্দ থেকে ২৬-০১-২০২৩ খ্রিস্টাব্দ সকাল ১০:৩০ ঘটিকা হতে দুপুর ১:৩০ ঘটিকা পর্যন্ত ভর্তির প্রয়োজনীয় তথ্য ও সহায়তা পাওয়া যাবে। **উল্লেখ্য যে, ভর্তির সকল কার্যক্রম অনলাইনে সম্পন্ন করতে হবে।**

৩। বিভাগীয় শিক্ষার্থী ভর্তির ক্ষেত্রে যে সমস্ত শিক্ষার্থী আবেদনের সময় বিভাগীয় কোটা (SQ) এর জন্য প্রয়োজনীয় কাগজপত্র জমা দেয়নি সে সমস্ত শিক্ষার্থীকে বিভাগীয় সুবিধা প্রাপ্তির জন্য কলেজের Help Desk এ আগামী ২২-০১-২০২৩ খ্রিস্টাব্দ থেকে ২৬-০১-২০২৩ খ্রিস্টাব্দ সকাল ১০:৩০ ঘটিকা হতে দুপুর ১:৩০ ঘটিকা পর্যন্ত পিতা/মাতার পুলিশ বিভাগীয় আইডি কার্ডের সত্যায়িত ফটোকপি ও সংশ্লিষ্ট ইউনিট প্রধানের প্রত্যয়নপত্র জমা দিতে হবে।

৪। মুক্তিযোদ্ধা কোটার (FQ) ক্ষেত্রে মুক্তিযোদ্ধা বিষয়ক মন্ত্রণালয় প্রদত্ত সনদপত্রের সত্যায়িত ফটোকপি এবং শিক্ষার্থীর সাথে সম্পর্কের স্বপক্ষে সনদপত্র জমা দিতে হবে।

৫। শিক্ষা মন্ত্রণালয়ের কোটার (EQ) ক্ষেত্রে অধীনস্ত দপ্তর/সংস্থায় কর্মরত কর্মকর্তা/কর্মচারীদের সন্তানদের ক্ষেত্রে কর্তৃপক্ষের ইস্যুকৃত মূল সনদপত্রের সত্যায়িত ফটোকপি এবং শিক্ষার্থীর সাথে সম্পর্কের স্বপক্ষে সনদপত্র জমা দিতে হবে।

৬। এসএসসি পাসের মূল একাডেমিক ট্রান্সক্রিপ্ট জমা দিতে হবে। যদি উল্লেখিত সময়ের মধ্যে ট্রান্সক্রিপ্ট প্রাপ্ত না হয় তবে শিক্ষার্থীর নির্ধারিত ক্লাসে স্ব স্ব Section Admin Teacher (SAT) এর নিকট ১৫-২-২০২৩ খ্রিস্টাব্দের মধ্যে জমা দিতে হবে।

৭। বিজ্ঞান ও প্রযুক্তি ফি (এসএমএস, ইন্টারনেট, অটোমেশন ও ল্যাব ফি) সকল শিক্ষার্থীর জন্য প্রযোজ্য। বাৎসরিক উন্নয়ন ফি শুধু সিভিল শিক্ষার্থীদের জন্য প্রযোজ্য। উল্লেখিত ফি সমূহ শিক্ষাবর্ষের মাঝামাঝি অর্থাৎ Half Yearly পরীক্ষার পূর্বে প্রদান করতে হবে।

৮। নির্ধারিত সময়ের মধ্যে ভর্তি হতে ব্যর্থ হলে আসন শূন্য বলে বিবেচিত হবে।

১৮/০১/২০২৩.

অধ্যক্ষ (ভারপ্রাপ্ত)

বিতরণঃ
১। হেড অব অ্যাডমিন অ্যান্ড ফাইন্যান্স
২। শিফট্ ইনচার্জ (প্রভাতি ও দিবা)
৩। ভর্তি কমিটি
৪। সফ্টওয়্যার কমিটি
৫। হিসাব শাখা
৬। অনলাইন গ্রুপ
৭। নোটিশ বোর্ড ও অফিস নথি

CamScanner